উপজেলা পরিষদের প্রথম সাধারণ সভার কার্যবিবরণী (বিবেচ্য মাসঃ জুলাই/২০২৪)

অধিবেশনঃ-১৩৯

উপদেষ্টা : মেজর জেনারেল আব্দুস সালাম, আরসিডিএস,পিএসসি (অব), এমপি,
মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়।

সভাপতি : মোঃ আমিনুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৪ জুলাই ২০২৪

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে নব নির্বাচিত চেয়ারম্যান ও সভাপতি সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানান । অত্র উপজেলার সার্বিক উন্নয়ন কাজে সকল সদস্যগণের সহযোগীতা কামনা করেন। স্বাগত বক্তব্যের পর সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইলকে সভা পরিচালনা করার জন্য অনুমতি প্রদান করেন। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ নিম্নবর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| ০২। **উপজেলা নির্বাহী অফিসার** নব নির্বাচিত চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়কে ফুলেল শুভেচ্ছাদিয়ে বরণ করেন এবং সকল সদস্যকে পরস্পর পরিচয় হওয়ার জন্য অনুরোধ জানান। | নব নির্বাচিত চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়কে ফুলেল শুভেচ্ছাদিয়ে বরণ করেন এবং সকলেই পরস্পর পরিচিত হন। | সকল সদস্য। |
| উপজেলা পরিষদ ম্যানুয়ালে উল্লেখ আছে যে, পরিষদ গঠিত হইবার পর প্রথম অনুষ্ঠিত সভার এক মাসের মধ্যে ভাইস চেয়ারম্যানগণ তাহাদের নিজেদের মধ্য হইতে অগ্রাধিকারক্রমে দুই সদস্যবিশিষ্ট একটি চেয়ারম্যানের প্যানেল নির্বাচিত করিবেন। | উপজেলা পরিষদ ম্যানুয়াল মোতাবেক প্যানেল চেয়ারম্যান গঠনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| উপজেলা পরিষদ ম্যানুয়াল মোতাবেক উপজেলা পরিষদের ১৭টি কমিটি গঠনের বিষয়ে আলোচনা করেন। | উপজেলা পরিষদ ম্যানুয়াল মোতাবেক উপজেলা পরিষদ এর কার্যাবলি সুচারুভাবে সম্পাদনের জন্য ১৭টি উপজেলা কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্সে ৫টি সিসি ক্যামেরা নষ্ট হওয়ায় নতুন ৫টি সিসি ক্যামেরা পুনঃ স্থাপন ও ১টি নতুন এনবিআর সরবরাহ করা প্রয়োজন। | উপজেলা পরিষদ কমপ্লেক্সে ৫টি সিসি ক্যামেরা নষ্ট হওয়ায় নতুন ৫টি সিসি ক্যামেরা পুনঃ স্থাপন ও ১টি নতুন এনবিআর সরবরাহ করার লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ৮৮,৩৯৭/- টাকা ব্যয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| জনাব মরিয়ম আক্তার, স্বামী-মৃতঃ শামসুল হক, গ্রাম-ঘোষপালা, পোঃ খামারগাঁও, ৪নং চন্ডীপাশা ইউনিয়ন অটো গাড়ীর ঘর থেকে বিদ্যুৎ পৃষ্ট হয়ে উক্ত আবেদনকারীর স্বামী ও দুই মেয়ে এবং শাশুড়ীসহ একই পরিবারের ৪জন মারা যায়। গত ২৪/০৩/২০২৪ তারিখ আর্থিক সাহায্য পাওয়ার জন্য আবেদন পত্র দাখিল করেন। উক্ত আবেদন পত্র সভায় উত্থাপন করেন। | বিদ্যুৎ পৃষ্ট হয়ে একই পরিবারের ৪জন মৃত্যুবরণ করায় জনাব মরিয়ম আক্তার, স্বামী-মৃতঃ শামসুল হক, গ্রাম-ঘোষপালা, পোঃ খামারগাঁও, ৪নং চন্ডীপাশা ইউনিয়নকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হতে ৪০,০০০/- টাকা আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| ০৩। **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান,** অ্যাম্বুলেন্স | প্রস্তাবিত বিষয়ে নীতিমালা মোতাবেক | চেয়ারম্যান উপজেলা |

| | | |
|---|---|---|
| **০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান,** ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচীর আওতায় উপজেলাওয়ারী এবং নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম,২য়, ৩য় ও ৪র্থ পর্যায় বরাদ্দকৃত ৩১৭.৪৭৫৩ মেঃটন চল, ৩১৭.৪৭৫৩ মেঃটন গম ও ৪,২০,৯২,৭৪৬/৯৯ টাকার মোট ২৫৮ টি প্রকল্প এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ টাকা) কর্মসূচীর উপজেলাওয়ারী, নির্বানী এলাকা ভিত্তিক, পৌরসভাওয়ারী ও বিশেষ ১ম, ২য় ও ৩য় পর্যায় বরাদ্দকৃত ৪,৪০,০৫,৫৪৪/৪৩ টাকার মোট ৪১০ টি প্রকল্পসহ সর্বমোট ৬৬৮ টি প্রকল্পের বাস্তবায়ন কাজ ৩০/০৬/২০২৪ টাকা মোট ৪১০ টি প্রকল্পসহ সর্বমোট ৬৬৮টি প্রকল্পের বাস্তবায়ন কাজ ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে সমাপ্ত হয়েছে এবং সমাপ্তি প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে মানবিক সহায়তা হিসেবে ২৫০ বস্তা শুকনা খাবার বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত শুকনা খাবার ১৩টি ইউনিয়নে সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে।<br>২০২৪-২০২৫ অর্থ বছরে 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)' আওতায় (অক্টোবর হতে ডিসেম্বর পর্যন্ত সময়ে ৪০ দিন) ১ম পর্যায় বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্প তালিকা আগামী ০৭/০৮/২০২৪ তারিখের মধ্যে হার্ড কপি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের জন্য পত্র পাওয়া গেছে। পত্রের আলোকে ১৩টি ইউনিয়ন হতে প্রকল্প তালিকা আগামী ৩১/০৭/২০২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **০৮। উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে,** সমাজসেবা কার্যালয়ের আওতায় বয়স্ক ভাতা উপকারভোগীর সংখ্যা-২২৬৭৬ জন, বিধবা ভাতা উপকারভোগীর সংখ্যা-৯৯৬৫ জন, প্রতিবন্ধি ভাতা সংখ্যা-১১৫২৪ জন, অনগ্রসর বিশেষ ভাতা-৩৯ (মুচি, খামার, কুমার, নিম্নশ্রেণী), অনগ্রসর শিক্ষা-১৯ জন (শিক্ষাবৃত্তি), হিজড়া ভাতা-১ জন, প্রতিবন্ধি শিক্ষা ভাতা-২৬২ জন উপকাভোগী ভাতার কার্যক্রম চলমান রয়েছে। | নীতিমালা মোতাবেক স্বচ্ছতারসহিত ভাতার কার্যক্রম পরিচনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নান্দাইল। |
| **০৯। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে,** পরিপত্র মোতাবেক উপজেলা ওয়াটশন কমিটির উপদেষ্টা মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়, সভাপতি চেয়ারম্যান উপজেলা পরিষদ, সহ সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়। ভাইস<br><br>চেয়ারম্যানদ্বয়, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও উপজেলায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণ-সদস্য এবং সদস্য সচিব সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) রয়েছেন। অত্র উপজেলায় মোট ১৫৬টি সাবমারসেবল বরাদ্দ পাওয়া গিয়েছে তন্মধ্যে মাননীয় মন্ত্রী মহোদয় ৫০% এবং উপজেলা ওয়াটশন কমিটি ৫০% সাবমারসেবল তালিকা প্রদান করবেন। | নীতিমালা মোতাবেক বরাদ্দ তালিকা প্রস্তুত এবং প্রাক্কলন মোতাবেক নলকূপ স্থাপন কার্যক্রম নিয়মিত পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঠিকাদার সঠিকভাবে নলকূপ স্থাপন<br><br>করার পর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়ন গ্রহণপূর্বক সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) চূড়ান্ত বিল প্রদান করবেন। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নান্দাইল। |
| **১০। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি) জানান,** সেচযন্ত্র/মেয়াদী (ডিটিডাব্লিউ ও এসটিডাব্লিউ) ও অন্যান্য ঋণ (ফসলী/শস্য, আবর্তক কৃষি, সদাবিক, বীরমুক্তিযোদ্ধা, পল্লী প্রগতি ও পল্লী উদ্যোক্তা) আদায়ের নিয়মিত কাজ (মৌখিক ও লিখিত তাগিদ) চলমান রয়েছে।<br>বর্তমান মাসে কোন ঋণ বিতরণ নেই তবে অর্থ বছরে মোট ৪ জনকে একক/পল্লী উদ্যোক্তা ঋণ পুনঃবিতরণ করা হয়েছে ৭.৭৫ লক্ষ টাকা। | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| **১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** বিডব্লিউবি কার্যক্রম এবং মা ও শিশু সহায়তা ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে।<br>দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| **১২। উপজেলা পঃ পঃ কর্মকর্তা জানান যে,** জুন/২০২৪ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন রিপোর্ট অনুযায়ী ৮৬,২৭৯ জন সক্ষম দম্পতিদের মধ্যে পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৬৬,৭১৭ এবং হার ৭৭.৩৩%।<br>জুন/২০২৪ মাসে স্থায়ী ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতার সংখ্যা জানান ১। স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা পুরুষ- ০০, ২। স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা মহিলা-০০, ৩। অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি ইমপ্ল্যান্ট গ্রহীতার সংখ্যা-৪১, ৪। অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি কপার-টি গ্রহীতার সংখ্যা-০৮ জন। প্রত্যেক ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ তাদের স্যাটেলাইট ক্লিনিক প্রোগ্রাম অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র খোলা রয়েছে। বর্তমানে বেতাগৈর, নান্দাইল, মুশুল্লী ও সিংরইল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ডেলিভারী সেবা কার্যক্রম অব্যাহত আছে। | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| **১৩। চেয়ারম্যান ৪নং চন্ডীপাশা ইউনিয়ন পরিষদ** জানান যে, হাট বাজারের ইজারা আদায়ের অর্থ খাতওয়ারি বিভাজন করে ইউনিয়ন পরিষদের অর্থ প্রদানের প্রস্তাব উত্থাপন করেন। | হাট বাজার ইজারা আদায়কৃত অর্থ নীতিমালা মোতাবেক বন্টন করে সংশ্লিষ্ট খাতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| **১৪। চেয়ারম্যান ৯নং আচারগাঁও ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,** টিসিবি এর কার্যক্রম চলমান রয়েছে।<br>হাট বাজার ইজারা বন্টন নীতিমালা মোতাবেক অর্থ প্রদানের জন্য প্রস্তাব উত্থাপন করেন।<br>২০২২-২০২৩ অর্থ বৎসরের জামতলা বাজারের ইজারার সম্পর্ণ অর্থ সরকারি খাতে এখনো জমা হয় নি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব উত্থাপন করেন এবং হাল সনের ডাককৃত অর্থ আদায়ের প্রস্তাব উত্থাপন করেন। | নীতিমালা মোতাবেক টিসিবি এর অনলাইন তালিকার কার্যক্রম ১০০% বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>হাট বাজার ইজারা আদায়কৃত অর্থ নীতিমালা মোতাবেক বন্টন করে সংশ্লিষ্ট খাতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জামতলা বাজারের ইজারার অর্থ আদায়ের জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নান্দাইল।<br>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| **১৫। চেয়ারম্যান ১২ নং জাহাংগীরপুর ইউনিয়ন পরিষদ জানান যে** টিসিবি উপকার ভোগীদের তালিকা অনলাইনে এন্ট্রি করার সময় অনেক উপকারভোগীদের সঠিক পরিচয় ও নমিনি পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উত্থাপন করেন। | যে কার্ডগুলির তথ্যের সমস্যা রয়েছে নীতিমালা মোতাবেক উপকারভোগী এন্ট্রি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ১২ নং জাহাংগীরপুর ইউনিয়ন পরিষদ। |
| **১৬। মেয়র, নান্দাইল পৌরসভা** নবনির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানগণকে নান্দাইল পৌরসভার পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি উপজেলা পরিষদকে সার্বিক সহযোগিতা করার বিষয়ে আলোচনা করেন। | উপজেলা পরিষদের সকল কার্যক্রমে নান্দাইল পৌরসভার সার্বিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, নান্দাইল পৌরসভা। |
| **১৭। নবনির্বাচিত মহিলা ভাইস চেয়ারম্যান** সভায় সকল সদস্যগনকে শুভেচ্ছা ও সালাম জানান। তিনি জানান যে, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনে সকল সম্মানিত সদস্যগণের সহযোগিতা কামনা করেন। | সকল সদস্যগণ সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্যগণ। |
| **১৮। নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান** সকল সদস্যগনকে শুভেচ্ছা ও সালাম জানান। তিনি অত্র উপজেলার সকল উন্নয়নমূলক কাজে সার্বিক সহযোগিতা করার বিষয়ে আলোচনা করেন।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭ টি বিভাগের ১৭টি উপজেলা কমিটি রয়েছে। উক্ত কমিটি গঠনের বিষয়ে উপজেলা পরিষদ ম্যানুয়াল উপস্থাপন করেন। | উপজেলা পরিষদ ম্যানুয়াল এবং আলোচনা মোতাবেক ১৭টি উপজেলা কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| **১৭। নবনির্বাচিত চেয়ারম্যান ও সভাপতি উপজেলা পরিষদ জানান যে,** উপজেলা পরিষদের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পর্যায়ের সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবং দপ্তর প্রধানগণকে সার্বিক সহযোগিতা করতে হবে। উন্নয়ন কার্যক্রম আরও গতিশীল করতে হবে। প্রতিটি দপ্তরের কার্যক্রম সততা ও দক্ষতারসহিত বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করেন। | | সকল সদস্যগণ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/৭/২৪

(মোঃ আমিনুল ইসলাম)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৪- ৩৫        তারিখ ঃ-২৪/০৭/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

১। মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় ও মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৪, ময়মনসিংহ-৯, নান্দাইল।

২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।

৬। ------------------------------------------------------------নান্দাইল, ময়মনসিংহ।

৭। উপজেলা ------------------------------------------------------ অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।

৮। চেয়ারম্যান ------------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।

৯। অফিস কপি।

২৪/০৭/২৪

(অরুন কৃষ্ণ পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।